আলমডাঙ্গায় নতুন ইউএনও পুলক কুমার মন্ডলের যোগদান

আলমডাঙ্গার নবাগত উপজেলা নির্বাহী অফিসার পুলক কুমার মন্ডল যোগদান করেছেন। গতকাল বুধবার সকাল ১০ টার দিকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকারের সাথে আলোচনা শেষে আলমডাঙ্গায় এসে নির্বাহী অফিসার হিসেবে দায়িত্ব বুঝে নেন।
এ সময় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হুমায়ন কবির, সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিন, প্রকল্প কর্মকর্তা এনামুল হক উপস্থিত ছিলেন। এ ছাড়াও আলমডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম, সহ-সভাপতি আতিয়ার রহমান মুকুল, যুগ্ম-সম্পাদক প্রশান্ত বিশ্বাস, প্রচার সম্পাদক শরিফুল ইসলাম, নির্বাহী সদস্য তানভীর আহম্মদ সোহেল, গোলাম সরোয়ার সদু প্রমুখ উপস্থিত ছিলেন। নির্বাহী অফিসার পুলক কুমার মন্ডল সকলের সাথে কুশল বিনিময় করেন।
এর আগে উপজেলা কমপ্লেক্সে পৌঁছালে উপজেলা পরিষদের কর্মচারীবৃন্দ তাকে ফুলের তোড়া দিয়ে স্বাগত জানান।
জানা যায়, যশোর জেলার শারসা উপজেলা নির্বাহী অফিসার হিসেবে সাড়ে ৩ বছর কাজ করার সুযোগ পেয়েছেন। ইতোপূর্বে তিনি চুয়াডাঙ্গায় সহকারী কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেছেন।
এ সময় তিনি সাংবাদিক দের কাছে সহযোগীতা কামনা করেন। তিনি বলেন আলমডাঙ্গা উপজেলকে একটি সুন্দর উপজেলা হিসেবে গড়তে চাই। এ বিষয়ে জনপ্রতিনিধিসহ সকল দপ্তরের কর্মকর্তাদের সহায়তা কামনা করেন।

বাংলাদেশ ছাত্রলীগ মেহেরপুর জেলা শাখার আনন্দ র্যালি

বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে বাংলাদেশ ছাত্রলীগ মেহেরপুর জেলা শাখা আনন্দ র্যালি করেছে। গতকাল বুধবার বিকালে

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের নেতৃত্বে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির বাসভবন থেকে আনন্দ র্যালিটি বের হয়ে মেহেরপুর বড়বাজার চার রাস্তার মোড় প্রদক্ষিণ করে মেহেরপুর প্রেস ক্লাবের সামনে এসে শেষ হয়।
পরে সেখানে মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের সভাপতিত্বে বক্তব্য রাখেন জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহাজান আলী, সাধারণ সম্পাদক মুন্তাসির জামান মৃদুল, সহ-সভাপতি দুলাল মাহমুদ, যুগ্ম-সাধারণ সম্পাদক খন্দকার জনি, সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আবিদ হোসেন আসিফ ও সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন আহমেদ। এ সময় সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি জুলকার নাইন বাইজিদসহ বিভিন্ন ইউনিয়ন থেকে আগত নেতাকর্মীরা উপস্থিত ছিলেন ।

ঝিনাইদহে ফেন্সিডিল ও গাঁজাসহ দুই নারী আটক

ঝিনাইদহে ২ নারী মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ। গত মঙ্গলবার রাতে শহরের বাসটার্মিনাল এলাকা থেকে তাদেরকে আটক করা হয়।
এ সময় তাদের কাছ থেকে ৭১ বোতল ফেন্সিডিল ও ২ কেজি গাঁজা উদ্ধার করা হয়। আটককৃত হাজেরা খাতুন চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া গ্রামের ওমেদুল মন্ডলের স্ত্রী ও একই উপজেলার সদরপাড়া গ্রামের আব্দুর রশীদের মেয়ে সুজিদা আক্তার বিউটি। ঝিনাইদহ সদর থানার ওসি মোহাম্মদ মিজানুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে তিনি জানতে পারেন চুয়াডাঙ্গা ডিলাক্সের একটি পরিবহনে মাদক ব্যবসায়ীরা মাদকসহ ঢাকা যাচ্ছে। এমন সময় ইন্সপেক্টর অপারেশন আবুল খায়ের শেখ এর নেতৃত্বে এসআই শফিকুল ইসলাম, এস আই মোঃ মোকলেচুর রহমান, এস আই মোঃ ফজলুর রহমান, এস আই মোঃ নুর আলম, এ এস আই মোঃ আনোয়ারুল ইসলাম, এ এস আই দেবাশীষ চক্রবর্তী, কনস্টেবল মোঃ বদর উদ্দিন, মোঃ সজল শেখ, মোঃ ইমরান শেখ, মোঃ আবু হুরাইরা, মোঃ আমান উল্লাহ, নারী কনস্টেবল শিরিনা খাতুন ও শম্পা দাস অভিযান চালিয়ে হাজেরা খাতুন ও সুজিদা আক্তার বিউটিকে

আটক করে। ওসি আরও জানান, আটককৃত মাদক ব্যবসায়ী সুজিদা আক্তার বিউটির কাছ থেকে ২ কেজি গাঁজা ও হাজেরা খাতুনের কাছ থেকে ৭১ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।
তারা দীর্ঘদিন ধরে মাদক ব্যবসা করে আসছিল। আটককৃত ২ নারী মাদক ব্যবসায়ীর নামে বিভিন্ন থানায় একাধিক মাদক মামলা রয়েছে।

বাল্যবিবাহ রোধ ও নারী শিক্ষাকে এগিয়ে নিতে কুমারখালীতে বাইসাইকেল বিতরণ

কুষ্টিয়ার স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃনাল কান্তি দে বলেছেন, নারী শিক্ষার প্রসারে স্থানীয় সরকারের মাধ্যমে এই বাইসাইকেল বিতরণ করা হচ্ছে।
গতকাল বুধবার (৩ মার্চ) দুপুরে কুষ্টিয়ার কুমারখালী উপজেলার শিলাইদহ ইউনিয়ন পরিষদের হলরুমে বাল্যবিবাহ রোধ ও নারী শিক্ষাকে এগিয়ে নিতে বিভিন্ন স্কুলের অস¦চ্ছল মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ কালে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। তিনি বলেন, ‘সরকার শিক্ষার উন্নয়নে নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। এরই অংশ হিসেবে বছরের প্রথম দিনেই শিক্ষার্থীদের বিনামূল্যে বই বিতরণ, উপবৃত্তি প্রদান করা হয়। এছাড়াও, পিছিয়ে পড়া শিক্ষার্থীদের এগিয়ে নিতে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। পাশাপাশি স্থানীয় উদ্যোগে নারী শিক্ষার প্রসারে স্থানীয় সরকারের মাধ্যমে এই বাইসাইকেল বিতরণ করা হচ্ছে যেন দেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেক নারী সময়ের সাথে পাল্লা দিয়ে নিজেদের এগিয়ে নিয়ে সমাজের অগ্রগতিকে তরান্বিত করতে পারে।’
বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার মন্ত্রণালয়ের এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় শিলাইদহ ইউনিয়নের বিভিন্ন স্কুলের অস¦চ্ছল মেধাবী শিক্ষার্থীদের মাঝে ৪২টি বাইসাইকেল বিতরণ করা হয়। অনুষ্ঠানে বাইসাইকেল বিতরণের পাশাপাশি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, কমিউনিটি ক্লিনিকে চিকিৎসা সামগ্রী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া সংগঠন এবং খেলোয়াদের মাঝে ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়।

শিলাইদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সালাহ্উদ্দীন খান তারেক’র সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কুমারখালী উপজেলা উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজীবুল ইসলাম খান।
এ সময় ইউনিয়ন পরিষদের সচিব, ইউনিয়ন পরিষদের সংরক্ষিত ও সাধারণ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় ভূমি কর্মকর্তা ও শিক্ষক দম্পতির বিরুদ্ধে দুদকের মামলা

কুষ্টিয়ায় শিক্ষক দম্পতিসহ ভূমি কর্মকর্তার বিরুদ্ধে মামলা করেছে জেলা দুর্নীতি দমন কমিশন।
গত রবি ও সোমবার জ্ঞাত আয়ের সাথে অসঙ্গতিপূর্ণ সম্পত্তি অর্জন ও দখলে রাখার অভিযোগে কুষ্টিয়া জেলা ও দায়রা জজ বিশেষ আদালতে পৃথক ঘটনায় ৩টি মামলা হয়েছে।
মামলা সূত্রে জানা যায়, কুষ্টিয়া সদর উপজেলার জগতির বাড়াদি গ্রামের মৃত বাবর আলী মালিথার ছেলে নজরুল ইসলাম দৌলতপুর উপজেলার পিয়ারপুর ইউনিয়ন ভূমি কর্মকর্তা হিসেবে কর্মরত ছিলেন।
তার বিরুদ্ধে ৫৭ লাখ ৫৪ হাজার ১শত ৮৪ টাকার জ্ঞাত আয়ের সাথে অসঙ্গতিপূর্ণ সম্পদ অর্জন ও দখলে রাখার অভিযোগে মামলা হয়েছে। মামলা নং ৪ তারিখ ২৮/০২/২০১২। দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ২৭(১) এবং মানি লন্ডারিং প্রতিরোধ আইন ২০১২ এর ৪(২) ও ৪(৩) ধারা অনুযায়ী শাস্তি যোগ্য অপরাধ।
অপরদিকে চুয়াডাঙ্গা জেলার চুয়াডাঙ্গা ফাজিল মাদ্রাসার সহকারী শিক্ষক ওয়াহিদ মো: রাশেদ আমীন ও তার স্ত্রী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা মোছা: রিনা খাতুনের নামে ৭০ লাখ ৮ হাজার ৫শত ৬১ টাকার আয়ের সাথে অসঙ্গতিপূর্ণ সম্পত্তি অর্জন ও দখলে রাখার অভিযোগে ১মার্চ কুষ্টিয়ায় পৃথক দুটি মামলা হয়েছে। কুষ্টিয়ার দুদকের উপ-সহকারী পরিচালক নাছরুল্লাহ হোসাইন বাদী হয়ে মামলাগুলো করেছেন। মামলা ৩টি একই ধারায় শাস্তি যোগ্য অপরাধ বলে জানা গেছে।

দর্শনার কেরুতে মুক্তিযোদ্ধা কোটা অনুযায়ী নিয়োগ দেওয়ার দাবীতে মানববন্ধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা কেরু এন্ড কোম্পানীতে মুক্তিযোদ্ধা কোটা অনুযায়ী নিয়োগ দেওয়ায় দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ করেছে মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধার সন্তানরা।
গতকাল বুধবার দুপুর ১২ টার দিকে দর্শনা কেরু এন্ড কোম্পানী জেনারেল অফিসের সামনে এই মানববন্ধন ও বিক্ষোভ অনুষ্ঠিত হয়। এ সময় বক্তারা বলেন, ২০১৯- ২০ মাড়াই মৌসুমের ২০০ লোক চুক্তিভিত্তিক নিয়োগের বিপরীত ৩০% মুক্তিযোদ্ধা কোটায় ৩৬ জনকে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়। এবছর তাদেরকে ওই পদে বহাল রাখার দাবি জানিয়েছেন তারা। দাবি না মানলে কঠোর কর্মসূচি দেবেন তারা।

কুষ্টিয়ায় করোনা প্রতিরোধে প্রয়োজনীয় সামগ্রী বিতরণ

কুষ্টিয়ায় দরিদ্র জনসাধারণের মধ্যে হ্যান্ডস্যনিটাইজার, সাবান, হুইলপাউডার ও মাস্ক বিতরণ করা হয়েছে।
গতকাল বুধবার সকালে কুষ্টিয়ার জেলা পরিষদের আয়োজনে জেলা পরিষদের হলরুমে এ সব বিতরণ করা হয়।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসব বিতরণ করেন, কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।
২০২০-২০২১ অর্থবছরের এডিপিতহবিলের অর্থ দ্বারা কোভিড-১৯ (করোনাভাইরাস) জনিত পরিস্থিতি মোকাবেলার জন্য দরিদ্র জনসাধারণের মধ্যে হ্যান্ডস্যনিটাইজার, সাবান, হুইলপাউডার ও মাস্ক বিতরণ করা হয়।

কুষ্টিয়া জেলা পরিষদের চেয়ারম্যান হাজী রবিউল ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, কুষ্টিয়া জেলা পরিষদের প্রধাননির্বাহী কর্মকর্তা মুন্সী মোঃ মনিরুজ্জামান, কুষ্টিয়া সদর উপজেলার চেয়ারম্যান আতাউর রহমান আতা।
এ সময় দরিদ্র জনসাধারণের মধ্যে করোনা মোকাবেলায় প্রয়োজনীয় সমগ্রহী তুলে দেওয়া হয়।

দামুড়হুদায় জাতীয় ভোটার দিবস পালন উপলক্ষে আলোচনা সভা

দামুড়হুদায় জাতীয় ভোটার দিবস পালন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বেলা ১০টার দিকে জাতীয় ভোটার দিবসের উদ্বোধন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা নির্বাচন অফিসের যৌথ আয়োজনে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু।
দামুড়হুদা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে উপজেলা নির্বাচন কর্মকর্তা ইসহাকের সঞ্চালনায় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মাসুম আব্দুল্লাহ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আ: মতিন, উপজেলা শিক্ষা কর্মকর্তা সাকি সালামসহ উপজেলার বিভিন্ন দফতর প্রধানগণ।

আলমডাঙ্গার মা নার্সিং হোমে

বাচ্চার মৃত্যু: ক্লিনিক ভাংচুর

আলমডাঙ্গায় মা নার্সিং হোমে সিজারের ৩দিন পর এক শিশুর মৃত্যু হয়েছে। গতকাল মঙ্গলবার সন্ধ্যায় গলাই দুধ আটকিয়ে ওই শিশুর মৃত্যু হয়। ক্লিনিক কর্তৃপক্ষের অবহলেয়া শিশুর মৃত্যু হয়েছে অভিযোগে ক্লিনিক ভাংচুর করেছে উত্তেজিত জনতা। পুলিশের উপস্থিতিতে পরে পরিস্থিতি শান্ত হয়।
জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর রেলগেট এলাকার ওল্টুর স্ত্রী মনিরা খাতুন (২৭) এর প্রসব বেদনা শুরু হলে গত বৃহস্পতিবার ক্লিনিকে নিয়ে যাওয়া হয়। পশুহাট এলাকার মা নার্সিং হোমে তাকে ওইদিন রাতে ভর্তি করা হয়। গত শুক্রবার সকাল ৯ টার দিকে ডাঃ লিফা নারসিস চৈতালি ও ডাঃ আব্দুস সালাম গর্ভবতী মনিরা খাতুনের সিজারিয়ানের মাধ্যমে শিশু সন্তান ভূমিষ্ঠ করান। গতকাল মঙ্গলবার শিশু ও তার মা মনিরা খাতুনকে সকালে বাড়ি যাবার জন্য ছাড়পত্র দেওয়ার কথা ছিলো। গত সোমবার দুপুর থেকেই শিশুর হঠাৎ শরীর খারাপ হতে থাকে। শিশুর পরিবারের লোকজন শিশু বিশেষজ্ঞ ডাঃ হাবিবুর রহমান হাবিবকে দিয়ে চিকিৎসা করেন।
এছাড়াও, ক্লিনিকে দায়িত্বরত চিকিৎসকেরা শিশুকে চিকিৎসা প্রদানের এক পর্যায়ে গতকাল সন্ধ্যায় শিশুটি মারা যায়। ক্লিনিক কর্তপক্ষের অবহেলায় শিশুর মৃত্যু হয়েছে অভিযোগ তুলে এলাকার লোকজন ভাংচুর শুরু করলে পুলিশে খবর দেওয়া হয়। আলমডাঙ্গা থানার এসআই আমিনুল, এসআই সিদ্ধার্থ মন্ডল সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থলে উপস্থিত হয়ে উত্তেজিত জনতাকে শান্ত করেন।
এ ঘটনায় ক্লিনিক মালিক জালাল হোসেন জানান, শিশুর পরিবারের লোকজনের কারণেই মৃত্যু হয়েছে। তিনি সন্ধ্যার আগেও শিশুর অবস্থা উন্নতি দেখে এসেছে। শিশুর মায়ের দুধ শ্বাস নালিতে আটকিয়ে মৃত্যু হয়েছে বলে আমরা ধারনা করছি। আমাদের চিকিৎসায় কারণে শিশুর মৃত্যু হয়নি।
এ ঘটনায় শিশু বিশেষজ্ঞ ডাঃ হাবিবুর রহমান হাবিব জানান, গত পরশু শিশুকে আমি চিকিৎসা দিয়েছি। তার তেমন কোন সমস্যা হয়নি। কিন্তু মৃত্যুর যে বিষয়টি এটি শিশুর পরিবারের ভুলের কারণেই মারা গেছে। তারা পরিমাণ মত খাবার বাচ্চাকে দেয়নি এবং গতকাল বাচ্চাকে যখন অতিরিক্ত দুধ খাওয়ায় তখন দুর্ঘটনাবশত শ্বাস নালিতে প্রবেশ করে বাচ্চাটি মারা যায়।

দর্শনা সীমান্ত দিয়ে ভারতীয় নাগরিক ফেরত

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা সীমান্ত দিয়ে এক বছর কারাভোগ শেষে শ্রী জতেনদার দাস (৪০) নামের ভারতীয় নাগরিককে ফেরত দিয়েছে বিজিবি । গতকাল মঙ্গলবার দুপুর ১ টার দিকে দামুড়হুদার দর্শনা সীমান্তে ৭৬ নম্বর মেইন পিলারের নিকট বিজিবি-বিএসএফ’র পতাকা বৈঠকের মাধ্যমে তাকে ফেরত দেয়া হয়। জতেনদার দাস ভারতের ভাগলপুর জেলার নদিপুর থানার শ্রী শীতারাম দাসের ছেলে। বিজিবি জানায়, গত এক বছর আগে নাটোর জেলার বাগাতিপাড়া উপজেলার সীমান্ত দিয়ে বাংলাদেশে অবৈধভাবে অনুপ্রবেশ করার দায়ে শ্রী জতেন দার দাসকে আটক করে নাটোর জেল হাজতে প্রেরণ করলে আদালত অবৈধভাবে অনুপ্রবেশের দায়ে তাকে এক বছরের কারাদণ্ড প্রদান করে । এক বছর কারাভোগ শেষে চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে বিজিবি-বিএসএফের পতাকা বৈঠকে মাধ্যমে তাকে ভারতে ফেরত দেয়া হয়েছে। পতাকা বৈঠকে নেতৃত্ব দেন চুয়াডাঙ্গা-৬ বিজিবি ভারপ্রাপ্ত অধিনায়ক মেজর নিস্তার আহমেদ ও ভারতীয় নদিয়া জেলার গেদে বিএসএফের কোম্পানি কমান্ডার শ্রী সন্দীপ কুমার । উপস্থিত ছিলেন মানব অধিকার কর্মী ভিশাল রঞ্জন দত্তসহ দু দেশের বিভিন্ন কর্মকর্তাগণ।